দৈনিক ইত্তেফাক

12

তারিখ 17 FEB 1989
পৃষ্ঠা ... কলাম ...

তথ্য ও গবেষণা ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষাঙ্গনে আইন শৃঙ্খলা বজায় রাখিতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ — শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার এবং শিক্ষাংগনকে সম্পূর্ণ সন্ত্রাসমুক্ত রাখার আহ্বান জানাইয়াছেন।

মন্ত্রী গতকাল (বৃহস্পতিবার) বাংলাদেশ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এক

( শেষ পৃ: ৭-এর ক: দ্র: )

## শিক্ষামন্ত্রী

(১ম পৃ: পর)

উচ্চ পর্যায়ের বৈঠকে সভাপতির ভাষণদানকালে উপরোক্ত আহ্বান জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের অনুরোধক্রমে শিক্ষা মন্ত্রণালয় আহূত এই বৈঠকে শিক্ষা সচিব হেদায়েত আহমেদ, স্বরাষ্ট্র সচিব মোহাম্মদ আলী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আবদুল মান্নান, পুলিশের মহা-পরিদর্শক এ আর খন্দকার, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নুরুদ্দিন আল মাসুদ, ঢাকা মহানগরী পুলিশ কমিশনার নসরুল্লাহ খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর ইমাজ উদ্দিন আহমেদ, সিণ্ডিকেট সদস্যবৃন্দ, প্রোক্টর, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ শিক্ষা মন্ত্রণালয় ও পুলিশ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার শিক্ষাংগনে আইন ও শৃংখলা বজায় রাখিতে বদ্ধপরিকর। তিনি বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সম্পূর্ণ নিরপেক্ষতা অনুসরণের আহ্বান জানান এবং দলমত নির্বিশেষে বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের হাত হইতে সাধারণ ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা বিধানে সরকারের পক্ষ হইতে সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি বিধানে সরকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুরোধ সাপেক্ষে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে।

বাংলাদেশ মহিলা পরিষদের সম্পাদিকা মিসেস বেলা নবীর নেতৃত্বে ছয় সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গতকাল শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সাথে তাঁহার অফিসে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদল শিক্ষামন্ত্রীর নিকট প্রাথমিক ও কিণ্ডার গার্টেন বিদ্যালয়সমূহের ব্যাপারে একটি স্মারকলিপি পেশ করেন। —তথ্য।